

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (নবী হিসেবে) প্রেরিত হওয়ার পূর্ববর্তী (আসমানী) কিতাবসমূহে লিখিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গুণাবলী

بَابِ صِفَةِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكُتُبِ قَبْلَ مَبْعَثِهِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ الرَّبِيعِ، حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ، عَنْ الْأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، قَالَ: قَالَ كَعْبُ: نَجِدُهُ مَكْتُوبًا: "مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا فَظُّ، وَلَا غَلِيظٌ، وَلَا حَحَدَّابٌ بِالْأَسْوَاقِ، وَلَا يَجْزِي بِالسَّيِّئَةِ السَّيِّئَة، وَلَكِنْ يَعْفُو وَيَغْفِرُ، وَأُمَّتُهُ الْحَمَّادُونَ مَخَابٌ بِالْأَسْوَاقِ، وَلَا يَجْزِي بِالسَّيِّئَةِ السَّيِّئَة، وَلَكِنْ يَعْفُو وَيَغْفِرُ، وَأُمَّتُهُ الْحَمَّادُونَ يُكْبِّرُونَ اللَّهَ تَعَالَى عَلَى كُلِّ نَجْد، وَيَحْمَدُونَهُ فِي كُلِّ مَنْزِلَةٍ، وَيَتَأَزَّرُونَ عَلَى أَنْصَافِهِم، وَيَتَوَضَّنُونَ عَلَى أَلْرُافِهِم، مُنَادِيهِمْ يُنَادِي فِي جَوِّ السَّمَاءِ صَنَقُهُمْ فِي الْقِتَالِ، وَصَفَّهُمْ فِي وَيَتَوَضَّنُونَ عَلَى أَلْدِلْ دَوِيُّ كَدَوِي النَّحْلِ، مَوْلِدُهُ بِمَكَّة، وَمُهَاجِرُهُ بِطَيْبَة، وَمُلْكُهُ الصَّلَاةِ سَوَاءً، لَهُمْ بِاللَّيْلِ دَوِيُّ كَدَوِي النَّحْلِ، مَوْلِدُهُ بِمَكَّة، وَمُهَاجِرُهُ بِطَيْبَة، وَمُلْكُهُ بِالشَّام

مرسل وإسناده صحيح

বাংলা

৫. কাব বলেন: আমরা (তাওরাতে) লিখিত পেয়েছি যে, মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম তিনি কঠোর স্বভাবের হবেন না, নির্দয়ও হবেন না; আর হাটে-বাজারে শোরগোলকারী হবেন না। মন্দ আচরণের প্রতিদানে মন্দ আচরণ করবেন না, বরং তিনি ক্ষমা ও মার্জনা করবেন। আর তাঁর উম্মত প্রত্যেক উচ্চ ভূমিতে (আরোহণকালে) মহান আল্লাহ আযযা ওয়া জাল্লা'র অধিক হামদ্ (প্রশংসা) বর্ণনাকারী ও তাকবীর (বড়ত্ব) উচ্চারণকারী হবে। আর তারা সকল অবস্থানেই আল্লাহ'র প্রশংসা করবে। তারা 'ইযার' বা তহবন্দ (এর নিমাংশ) তাদের (পায়ের গোছার) অর্ধেক বরাবর পরিধান করবে। তারা অঙ্গসমূহ (ধুয়ে) ওযু করবে। তাদের মুয়াযযিন আকাশ পরিমণ্ডলে আযান (ছড়িয়ে) দিবে। তাদের যুদ্ধের সারী ও সালাতের সারী একইরূপ হবে। তাদের রাতের (তাহাজ্জুদের সালাতে কান্নার) আওয়াজ হবে মৌমাছির গুণগুণ আওয়াজের মত। আর তাঁর জন্ম হবে মক্কায় ও তিনি ত্বিয়্যবায় (মদীনায়) হিজরত করবেন এবং তাঁর রাজ্য পৌঁছবে শাম দেশ পর্যন্ত।'[1]



ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ । তবে এটি মুরসাল হাদীস।

তাখরীজ: ইবনু সা'দ, ত্বাকাত ১/২/৮৭; বাগাবী, শারহুস সুন্নাহ (৩৬৪৮); আবী নুয়াইম, হিলইয়াতুল আউলিয়া ৫/৩৮৭; দেখুন, ফাতহুল বারী ৮/৫৮৬ । পরবর্তী হাদীসটি এর শাহিদ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন